

আমার দিন ফুরালো ব্যাকুল বাদলসাঁঝে
 গহন মেঘের নিবিড় ধারার মাঝে ॥
 বনের ছায়ায় জলছলছল সুরে
 হৃদয় আমার কানায় কানায় পূরে ।
 খনে খনে ওই গুরুগুরু তালে তালে
 গগনে গগনে গভীর মৃদঙ বাজে ॥
 কোন্ দূরের মানুষ যেন এল আজ কাছে,
 তিমির-আড়ালে নীরবে দাঁড়ায়ে আছে ।
 বুকে দোলে তার বিরহব্যথার মালা
 গোপন-মিলন-অমৃতগন্ধ-ঢালা ।
 মনে হয় তার চরণের ধ্বনি জানি—
 হার মানি তার অজানা জনের সাজে ॥

Parjaay: Prakriti / Borsha, Taal: Dadra, Raag: Desh-Malhar
 Visit www.geetabitan.com for notation and other detail